দৈনিক সংবাদ

১৭/৭/২০০০

তারিখ ... পৃষ্ঠা ১০ কলাম ৪

# একজন শিক্ষক চালাইতেছেন শিবচরের একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়

মাদারীপুর সংবাদদাতা ।। শিবচর উপজেলার তারপাশা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি বর্তমানে চলিতেছে মাত্র একজন শিক্ষককে দিয়া। বিদ্যালয়টিতে দেড় শতাধিক ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। সংশ্লিষ্ট ও অভিভাবক সূত্রে জানা যায়, কাঠাল বাড়ী ইউনিয়নের উক্ত বিদ্যালয়টিতে বর্তমানে ১৫২জন ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। তন্মধ্যে ৭৪জন ছাত্র ও ৭৮জন ছাত্রী রহিয়াছে।

তারপাশা সরকারী প্রাথমিক বিদ্যালয়টিতে ইতিপূর্বে ২ জন সহকারী শিক্ষক ছিলেন। ১০ই এপ্রিল একজন সহকারী শিক্ষক চাকুরী হইতে ইস্তফা দিলে পদটি শূন্য হয়। বর্তমানে সহকারী শিক্ষক তোফজ্জল হোসেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসাবে কাজ করিতেছেন। স্থানীয় অভিভাবকমহল অবিলম্বে বিদ্যালয়টিতে প্রধান শিক্ষকসহ আরও শিক্ষক নিয়োগের জন্য আবেদন জানাইয়াছেন।